

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

---

শানিবার, জানুয়ারী ১৭, ১৯৮৭

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

থান্য মন্ত্রণালয়

বিজ্ঞাপ্তি

ঢাকা, ১৭ই জানুয়ারী ১৯৮৭

নং এস, আর, ও, ৫-এল/৮৭/থান্য(এস-২)/১সি-১/৮৩(অংশ)-১৯৫৩ সালের থান্য  
শস্য মূল্য নিয়ন্ত্রণ ও মওজুদ বিরোধী আদেশের ৭ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতা বলে সরকার, অন্ত  
মন্ত্রণালয়ের ১৯৮২ সালের ১২ই এপ্রিল তারিখের এস, আর, ও, ১১৯-এল/৮২/এম এফ/  
এস-৭/১এফ-২৯/৭৭ (পিটি)/১৯৮২ এবং ১৯৮২ সালের ১৭ই এপ্রিল তারিখের এস, আর, ও,  
১২২-এল/৮২-৮৯-এম এফ/এস-৭/১এফ-২৯/৭৭ (পিটি) নং বিজ্ঞাপ্তিদ্বয় বাতিলকরণে,  
নিম্নরূপ নির্দেশ দান করিলেন, যথা:—

- (ক) সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স  
ব্যাতিক্রেকে কোন ব্যবসায়ী এককালীন ২০ মনের বেশী খাদ্যশস্য তৈহার অধিকার  
বা নিয়ন্ত্রণাধীনে রাখিতে পারিবেন না;
- (খ) কোন পাইকারী খাদ্যশস্য ব্যবসায়ী ৫০০ মণ এবং খচরা খাদ্যশস্য ব্যবসায়ী  
৫০ ঘণের অধিক খাদ্যশস্য তৈহার অধিকারে বা নিয়ন্ত্রণাধীনে রাখিতে  
পারিবেন না;

(২০৯)

মুল্য: ৩০ পয়সা

(গ) কোন খাদ্যশস্য ব্যবসায়ী কোন খাদ্যশস্য ক্রয়ের তারিখ হইতে ২০ দিনের বেশী উহা তাঁহার অধিকারে বা নিয়ন্ত্রণাধীনে রাখিতে পারিবেন না বা উহা এক জারগার ৭ দিনের বেশী মওজুদ রাখিতে পারিবেন না।

ব্যাখ্যা: কোন খাদ্যশস্য রেল বা টীমার যোগে স্থানান্তরের ক্ষেত্রে ৭ দিনের অতিরিক্ত সময় লাগিলে এইরূপ অতিরিক্ত সময় উপরিউক্ত ২০ দিনের মধ্যে গণনা করা হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
অরূপ কান্তি অধিকারী  
উপ-সচিব (সরঃ)